


সমাজকল্যাণ বিষয়ক উপজেলা স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোছাঃ রওশন আরা বেগম
মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আক্কেলপুর, জয়পুরহাট
সভার তারিখ : ২৩/০২/২০২৩খ্রি.
সময় : বিকাল ০৩.০০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি সমাজকল্যাণ বিষয়ক উপজেলা স্থায়ী কমিটির সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর উপজেলা সমাজসেবা বিভাগের নিম্নবর্ণিত কার্যক্রম বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	উপজেলার সমাজকল্যাণ কার্যক্রম সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ	উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ভাতাভোগীর মোট সংখ্যা ৯৫৭৮ জন। G2P পদ্ধতিতে ভাতা প্রদানের নিমিত্ত ইতোমধ্যে শতভাগ bkash হিসাব খোলার কাজ সম্পন্ন হয়েছে। বিকাশ হিসাবের মাধ্যমে ইতোমধ্যে জানুয়ারি /২০২৩ পর্যন্ত সকল ভাতাভোগীকে ভাতা প্রদান করা হয়েছে।	bkash হিসাবের মাধ্যমে শতভাগ ভাতা পরিশোধ করায় উপজেলা সমাজসেবা অফিসারকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। এ ধারা অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়।	উপজেলা সমাজসেবা অফিসার আক্কেলপুর উপজেলা
০২	বিবিধ আলোচনা	সভায় উপস্থিত সদস্যগণ জানান যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জনগণের মাঝে শিক্ষা ভাতাসহ বিভিন্ন প্রকার ভাতা প্রদান করছেন। সুতরাং সমাজ থেকে দারিদ্রতা দূরীকরণে সরকারের ইচ্ছার প্রতিফলন হিসেবে সকল প্রকার ভাতাভোগী যাচাই বাছায়ের ক্ষেত্রে স্বচ্ছতার সাথে কার্যক্রম পরিচালনা করার প্রতি গুরুত্বারোপ করা হয়।	সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জনগণের মাঝে শিক্ষা ভাতাসহ বিভিন্ন প্রকার ভাতাভোগীর বাছাই কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সংশ্লিষ্ট পরিপত্র, সার্কুলার যথাযথভাবে অনুসরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা সমাজসেবা অফিসার আক্কেলপুর উপজেলা

আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মোছাঃ রওশন আরা বেগম)
মহিলা ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আক্কেলপুর, জয়পুরহাট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
আক্কেলপুর, জয়পুরহাট

নং-০৫.৪৩.৩৮১৩.০০০.০৪.০৩২.২৩-

তারিখঃ ২৩/০২/২০২৩ খ্রি.

- সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ
- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আক্কেলপুর, জয়পুরহাট
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট
- ০৩। উপজেলা সমাজসেবা অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট
- ০৪। উপজেলা.....অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট
- ০৫। চেয়ারম্যান, বুকিন্দীপুর/সোনামুখী/গোপীনাথপুর/তিলকপুর/রায়কালী ইউপি, আক্কেলপুর, জয়পুরহাট
- ০৬। জনাবআক্কেলপুর, জয়পুরহাট
- ০৭। অফিস কপি

রশ্মি

(মোছাঃ রওশন আরা বেগম)
মহিলা ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আক্কেলপুর, জয়পুরহাট